

অষ্টম শ্রেণীর ভূগোল মডেল অ্যাক্টিভিটি টাস্ক পার্ট ২

Class 8 Geography Model Activity Part 2

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ:

১. পৃথিবীর অভ্যন্তরে বিযুক্তিরেখা থাকার কারণ কী ?

উ: ভূপৃষ্ঠ থেকে কেন্দ্র পর্যন্ত একে একে জায়গায় একে একে রকম ভূমিকম্পের তরঙ্গের গতিবেগ হয়। এই ভূমিকম্পের তরঙ্গ বেগের পার্থক্যের ভিত্তি করে যে রেখার দ্বারা দুটো আলাদা তরঙ্গ বেগ যুক্ত অঞ্চল কে আলাদা করা হয়েছে। ভূ-অভ্যন্তরের তাপ ও চাপের তারতম্যের জন্য একে একে জায়গায় উপাদান ও ঘনত্ব আলাদা। সেই আলাদা আলাদা উপাদান ও ঘনত্বের কথা মাথাই রেখে ভূ - অভ্যন্তরে বিভিন্ন ধরনের বিযুক্ত রেখা কল্পনা করা হয়েছে।

২. অপসারী পাতসীমানাকে গঠনকারী পাতসীমানা বলা হয় কেন ?

উ :- অপসারি পাত সীমানা বরাবর দুটি পাত পরস্পরের থেকে দূরে সরে গেলে মাঝের ফাটল বরাবর অভ্যন্তর থেকে উত্তপ্ত গলিত পদার্থ উঠে এসে শীতল ও কঠিন হয়ে নতুন মহাসাগরীয় ত্বক আর মধ্য সামুদ্রিক শৈলশিরা তৈরি হয়। এ কারণে এই ধরনের অপসারী পাত সীমানা কে গঠনকারী পাত সীমানা বলে।

৩. মৃত্তিকা সৃষ্টিতে খনিজের ভূমিকা ব্যাখ্যা কর।

উ :- মৃত্তিকা সৃষ্টিতে খনিজের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। বিভিন্ন ধরনের খনিজ পদার্থ ধীরে ধীরে মাটি বা মৃত্তিকা সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যেমন লোহা বা বক্সাইট সমৃদ্ধ ভূমির উপরিস্তর শক্ত ও লাল রঙের হয়। আবার জিপ্সাম যুক্ত ভূমি নরম হালকা হলুদ রঙের হয়। নরম ক্যালাসাইট খনিজ থাকলে তা চুনাপাথরের সৃষ্টি করে যা ভঙ্গুর হয়। খনিজ তেল বা প্রাকৃতিক গ্যাস যেখানে পাওয়া যায় সেখানে মাটি নরম ও সচ্ছিদ্র হয়।

৪. ভারতকে কেন উপমহাদেশ বলা হয় ?

উ:- তিনদিক সমুদ্রে ঘেরা ভারতে পর্বত ,মাল্ভুমি, সমভুমি, মরুভুমি, ব-দ্বীপ ইত্যাদি সব ভৌগোলিক পরিবেশ যেমন দেখা যায় তেমনি এই অঞ্চলের জলবায়ু এক অন্য বৈচিত্রের অধিকার লাভ করেছে । এখানকার বৈষম্যমূলক আবহাওয়া, প্রচুর পরিমাণে জনসংখ্যা ও জন ঘনত্ব, সাংস্কৃতিক বৈচিত্র, এবং অন্যান্য যেসকল বৈচিত্র একটা বিশাল আকার মহাদেশের মধ্যে থাকে, তার বেশিরভাগ বৈচিত্র্য ভারতের মধ্যে রয়েছে। ভারত ও তার প্রতিবেশী দেশ অর্থাৎ চীন, নেপাল, ভুটান, বাংলাদেশ, মায়ানমার, পাকিস্তান আফগানিস্তান ও শ্রীলংকার মধ্যে সামাজিক মিল খুব বেশি। আয়তন ও জনসংখ্যার বিচারে প্রথম স্থানাধিকারী ভারত এই অঞ্চলের কেন্দ্রবিন্দু। তাই ভারতকে উপমহাদেশ বলা হয় ।